

## সাধারণ চিকিৎসা অনুদান

| সেবা প্রদান পদ্ধতি   | প্রয়োজনীয় কাগজপত্র   | সেবা প্রার্থী ও অনুদানের পরিমান  |
|--|--|--|
| <p>১. আবেদনসমূহ প্রাপ্তির পর আবেদনকারীর মোবাইল ফোনে ক্ষুদ্রে বার্তার মাধ্যমে আবেদনের ডিজিটাল ডাইরি নম্বর জানানো হয়। আবেদনে ত্রুটি থাকলে তাও জানিয়ে দেয়া হয়।</p> <p>২. নির্ধারিত সময়ে বাছাই কমিটি ও উপকমিটির সভার মাধ্যমে চূড়ান্ত অর্থ মঞ্জুরী প্রদান করা হয়।</p> <p>৩. আবেদনকারীর নামে মঞ্জুরীকৃত অর্থ আবেদনকারীর ব্যাংক হিসাবে EFT এর মাধ্যমে সরাসরি প্রেরণ করা হয়।</p> <p>৪. অনুমোদনের বিষয়টি এসএমএস এর মাধ্যমে আবেদনকারীকে জানানো হয়।</p> | <p>১. ডাক্তারী ব্যবস্থাপত্রের সত্যায়িত কপি (অফিস প্রধান/ সংশ্লিষ্ট অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক);</p> <p>২. ব্যবস্থাপত্র অনুযায়ী ঔষধ ক্রয়ের মূল ভাউচার;</p> <p>৩. ক্লিনিক বা হাসপাতালে ভর্তি হয়ে থাকলে ক্লিনিক বা হাসপাতালের মূল ছাড়পত্র;</p> <p>৪. ভাই/বোন বা পিতা/মাতার ক্ষেত্রে নির্ভরশীলতার প্রত্যয়নপত্র;</p> <p>৫. খরচের হিসাববিবরণী (কর্মচারীর স্বাক্ষর সহ);</p> <p>৬. জাতীয় বেতনস্কেল, ২০১৫-এ বেতননির্ধারণ ফরমের ভেরিফিকেশন নম্বরের জন্য বেতননির্ধারণ ফরমের ফটোকপি।</p> <p>বিঃ দ্রঃ- <a href="http://www.bkbb.gov.bd">www.bkbb.gov.bd</a> হতে ফরম নং-১ ডাউনলোড করে আবেদন করতে হয় এবং আবেদন ফরমের পৃষ্ঠা নং-২ এ বর্ণিত নিয়মাবলী অবশ্য পালনীয়।</p> | <p>সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত ২০টি স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের কর্মরত/অবসরপ্রাপ্ত কর্মচারী ও তাদের পরিবারের সদস্য এবং মৃত কর্মচারীর পরিবারের সদস্যদের সাধারণ চিকিৎসা অনুদান প্রদান করা হয়। এ অনুদান প্রতি বছর (বর্ষপঞ্জি অনুযায়ী জানুয়ারি-ডিসেম্বর) একবার দেয়া হয়। কর্মচারী নিজের জন্য আজীবন এবং পরিবারের সদস্যদের জন্য কর্মচারীর বয়স ৭৫ (পঁচাত্তর) বছর পর্যন্ত এ সুবিধা প্রাপ্য হবেন। আবেদনপত্রে বর্ণিত নিয়মাবলী অনুযায়ী আবেদনপত্র দাখিল করতে হয়। ০১/০৭/২০১৯ খ্রি.তারিখ হতে সর্বোচ্চ টা: ৪০,০০০/- (চল্লিশ হাজার) পর্যন্ত এ অনুদান প্রদান করা হয়।</p> |

- অনলাইনের মাধ্যমে আবেদন এবং আবেদনের হার্ডকপি প্রাপ্তির পর কাগজপত্র সঠিক থাকা সাপেক্ষে ২২ (বাইশ) কার্য দিবসের মধ্যে দাবী নিষ্পত্তি করা হয়।
- সম্পূর্ণ বিনামূল্যে সেবা দেয়া হয়।